

শুরুতে ১৭ হাজার কোটি, সঙ্গে প্রশস্তিও

নিজস্ব সংবাদদাতা

বিশ্ব বঙ্গ শিল্প সম্মেলনের প্রথম দিনে রাজ্য লগ্নি প্রতিশ্রুতি পেল ১৭ হাজার কোটি টাকার। বার মধ্যে জেএসডব্লিউ গোষ্ঠী সিমেন্ট, বিদ্যুৎ, ইস্পাত-সহ বিভিন্ন ক্ষেত্রে লগ্নি করবে ১০ হাজার কোটি টাকা। রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজের কর্ণধার মুকেশ অস্থানী বললেন তাঁর সংস্থার টেলিকম পরিষেবা জিও-কে রাজ্যের সকলের দরজায় পৌঁছে দেওয়ার কথা। সঙ্গে তাঁর তরফে প্রতিশ্রুতি রইল, পেট্রোপণ্য ও খুচরো ব্যবসায় আগামী তিন বছরে ৫,০০০ কোটি ঢালার।

হয়তো বিনিয়োগের অঙ্ক হিসেবে এই সংখ্যা বিরাট নয়। কিন্তু অস্থানী থেকে আর্সেলার-মিস্তলের কর্ণধার লক্ষ্মী মিস্তল— যে ভাবে সকলে এ দিন ‘পরিবর্তনের বাংলা’কে প্রশংসায় মুড়ে দিয়েছেন, তাতে অন্তত রাজ্যের ভাবমূর্তি অনেকখানি শুধরেছে বলে মনে করছেন স্থানীয় শিল্পমহলের একাংশ। বিরোধীদের অবশ্য কটাক্ষ, এই ঢকানিদাই সারা লগ্নি সে ভাবে আসার লক্ষণ কোথায়?

মঙ্গলবার রাজারহাটে কনভেনশন সেন্টারে বিশ্ব বঙ্গ শিল্প সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের মঞ্চ থেকে লগ্নির কথা ঘোষণা করেছেন সঞ্জীব গোস্বেনকা, কিশোর বিয়ানি, সরোজ পোদ্দার, নিরঞ্জন হীরানন্দনীর মতো শিল্পপতিরাও। মুকেশ যেমন বলেছেন, এর আগে সাড়ে চার হাজার কোটি টাকা লগ্নির পরিকল্পনা বলেও ইতিমধ্যেই রাজ্যে ১৫ হাজার কোটি ঢেলেছেন তাঁরা। অস্থানীর দাবি, মুখ্যমন্ত্রী পশ্চিমবঙ্গে যে ধরনের লগ্নিবান্ধব পরিবেশ তৈরির পাশাপাশি উন্নত পরিকাঠামো গড়েছেন, মূলত সে জন্যই এ রাজ্যকে লগ্নির মানচিত্র হিসেবে বেছে নিয়েছেন তাঁরা। এ রাজ্যে বিনিয়োগের পক্ষে সওয়ারাল করেছেন গোস্বেনকা, জিন্দলরাও।

শিল্পমহলের একাংশের বক্তব্য, তাক লাগানো লগ্নি প্রস্তাব এখনও আসেনি ঠিকই। কিন্তু অস্থানী, মিস্তলের মতো শিল্পপতির মুখে যে উচ্ছ্বসিত প্রশংসা শোনা গিয়েছে, তা রাজ্যের ভাবমূর্তিকে উজ্জ্বল করবে। এখানে পূঁজি ঢালতে আগ্রহী হবেন দেশি-বিদেশি বিনিয়োগকারীরা। মোট লগ্নির অঙ্ক স্পষ্ট হবে আজই।

প্রতিশ্রুতি ও প্রস্তাব



মুকেশ অস্থানী

রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজ

- মোবাইল ফোন, সেট-টপ বজ্রের মতো যন্ত্র তৈরির সভাবনা খতিয়ে দেখা। কথা বিভিন্ন সংস্থার সঙ্গে
- পাইলট প্রকল্প হিসেবে

রাজ্যের পাঁচ জেলায় ডিজিটাল পরিষেবা কেন্দ্র

- এ বছরের মধ্যেই রাজ্যে সবার দরজায় জিও-র পরিষেবা
- অপটিক ফাইবার কেবল মারফত সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ইত্যাদিতে ডিজিটাল পরিষেবার সুবিধার বন্দোবস্ত
- দু'বছরে ছোট বিক্রেতাদের জন্য ডিজিটাল পরিষেবা
- তিন বছরে খুচরো বিপণি চালু, পেট্রোল পাম্প খোলা ইত্যাদিতে ৫,০০০ কোটি টাকা লগ্নি



সজ্জন জিন্দল
জিন্দল স্টিল

- বিদ্যুৎ উৎপাদন, নতুন ইস্পাত কারখানা, সিমেন্ট কারখানার সম্প্রসারণ সমেত নানা ক্ষেত্রে ১০,০০০ কোটি টাকা বিনিয়োগ



অভয় সিংহ
স্পাইসজেট

- অণ্ডাল বিমানবন্দর থেকে বেঙ্গালুরু ও হায়দরাবাদে উড়ান চালু
- রাজ্যে সি-প্লেন তৈরির ভাবনা

কিশোর বিয়ানি ফিউচার গোল্ড

- রাজ্য জুড়ে নিজেদের খুচরো ব্যবসার সম্প্রসারণ
- কয়েক বছরে ৫৫ হাজার নতুন কর্মসংস্থান



সঞ্জীব গোস্বেনকা

আরপিজি সঞ্জীব গোস্বেনকা গোল্ড

- বিদ্যুৎ পরিকাঠামোয় ১,০০০ কোটি টাকা বিনিয়োগ
- দুর্গাপুরে কার্বন স্ট্রাক কারখানা



নিরঞ্জন হীরানন্দনী
হীরানন্দনি গোল্ড

- দু'বছরের মধ্যে পশ্চিমবঙ্গ হয়ে বাংলাদেশে গ্যাস পাইপলাইন
- পরিবেশবান্ধব জ্বালানি ও গ্যাস



সরোজকুমার পোদ্দার
অ্যাডভেঞ্জ গোল্ড

- বিভিন্ন ক্ষেত্রে ১,০০০ কোটি লগ্নি

লক্ষ্মী মিস্তল আর্সেলার-মিস্তল

- সমাজকল্যাণ মূলক কাজে সামিল হওয়ার পরিকল্পনা

